রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৫, ২০১৯

## ৩য় খণ্ড

### প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ কার্তিক ১৪২৬/৩১ অক্টোবর ২০১৯

**নং ২৩.০০.০০০০.১৬০.১৩.১৪৪.১৯.২৩৯**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক (জরিপ) জনাব গণেশ চন্দ্র রায় এর এসএসসি সনদপত্র অনুযায়ী জন্ম তারিখ : ০৯ অক্টোবর, ১৯৬০। সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ০৮ অক্টোবর, ২০১৯ তারিখ তাঁর বয়স ৫৯(উনষাট) বছর পূর্ণ হওয়ায় উক্ত তারিখ হতে তাঁকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হল এবং তাঁর অনুকূলে ০৯ অক্টোবর, ২০১৯ থেকে ০৮ অক্টোবর, ২০২০ তারিখ পর্যন্ত মোট ১(এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হল।

২। তিনি প্রচলিত বিধি অনুযায়ী তাঁর ছুটির প্রাপ্যতা অনুসারে সর্বোচ্চ ১৮ মাস ছুটির বিনিময়ে সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) হিসেবে প্রাপ্য হবেন।

৩। তিনি প্রচলিত বিধি অনুযায়ী অবসরজনিত সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। একইসাথে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ৬ অক্টোবর, ২০১৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনটি বাতিল বলে গণ্য হবে।

**ড. নূরুন্নাহার চৌধুরী**
যুগ্মসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৮ কার্তিক ১৪২৬/২৪ অক্টোবর ২০১৯

**নং ২৩.০০.০০০০.০৭০.১২.০০৮.১৪.৩০৭**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ সমরাস্ত্র কারখানার নিম্নবর্ণিত ১০(দশ) জন পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ১(এক) বছর শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন করায় তাঁদের যোগদানের তারিখ থেকে চাকরিতে স্থায়ী করা হলো :

| ক্রঃ নং | নাম ও ব্যক্তিগত নম্বর | পদবি | যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ১। | মোঃ আবুল কালাম আজাদ (১০৫৮) | ব্যবস্থাপক | ০২ জানুয়ারি ২০১৮ |
| ২। | মোঃ আব্দুল হান্নান শরীফ (১০৫৭) | সহকারী ব্যবস্থাপক | ২০ ডিসেম্বর ২০১৭ |
| ৩। | এ কে এম মকছুদুল আমীন (১০৫৯) | সহকারী ব্যবস্থাপক | ২০ ডিসেম্বর ২০১৭ |
| ৪। | মোঃ শফিকুল ইসলাম (১০৬৩) | সহকারী ব্যবস্থাপক | ২০ ডিসেম্বর ২০১৭ |
| ৫। | মোঃ বজলুর রহমান (১০৬৯) | সহকারী প্রকৌশলী | ২৮ নভেম্বর ২০১৭ |
| ৬। | মোঃ খালেদ মজুমদার (১৪৪০) | সহকারী প্রকৌশলী | ২৮ নভেম্বর ২০১৭ |
| ৭। | মোহাম্মদ আঃ আলীম শেখ (১৬৮৮) | পার্সোনেল অফিসার | ২৮ নভেম্বর ২০১৭ |
| ৮। | মোঃ মোস্তাফিজুর রহমান (১৪৪২) | সহকারী প্রকৌশলী | ০১ জানুয়ারি ২০১৮ |
| ৯। | মোঃ মজিবুর রহমান (১৪৪৩) | সহকারী প্রকৌশলী | ০১ জানুয়ারি ২০১৮ |
| ১০। | মোঃ আনিছুর রহমান (১৪৪৪) | সহকারী প্রকৌশলী | ০১ জানুয়ারি ২০১৮ |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১২ কার্তিক ১৪২৬/২৮ অক্টোবর ২০১৯

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৭৮.১৮.৩১০**—বাংলাদেশ বিমানবাহিনীর নিম্নোক্ত কর্মকর্তাদ্বয়কে বিমানবাহিনী অ্যাক্ট রুলস, ১৯৫৭-এর রুল ২৪(১) অনুযায়ী চাকরির বয়সসীমা অতিক্রান্তে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে অবসর প্রদান করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | জন্ম তারিখ | কমিশনের তারিখ | LPR-এ গমনের তারিখ | LPR শেষ হওয়ার তারিখ | অবসরের তারিখ | চাকরির বয়সসীমা | জমাকৃত ছুটির পরিমাণ | মঞ্জুরকৃত LPR -এ ছুটি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ১। | এয়ার কমডোর সাইফ সিদ্দিকী, বিএসপি, এনডিসি, পিএসসি (বিডি/৭৭৩০), জিডি(পি) | ২৭ অক্টোবর ১৯৬৪ | ১২ জুলাই ১৯৮৪ | ২৬ অক্টোবর ২০১৯ | ২৩ অক্টোবর ২০২০ | ২৪ অক্টোবর ২০২০ | ৫৫ বছর (চাকরির বয়সসীমা শেষে) | ১২২৪ দিন | ৩৬৪ দিন |
| ২। | এয়ার কমডোর মোঃ শওকত আলী, বিইউপি, (বিডি/৮৩৬৮), ইঞ্জ | ০৪ নভেম্বর ১৯৬৩ | ০১ জুলাই ১৯৯০ | ০৩ নভেম্বর ২০১৯ | ০১ নভেম্বর ২০২০ | ০২ নভেম্বর ২০২০ | ৫৬ বছর (চাকরির বয়সসীমা শেষে) | ৯৮৩ দিন | ৩৬৫ দিন |

২। প্রচলিত বিধি অনুযায়ী তাঁরা সংশ্লিষ্ট সুবিধাদি প্রাপ্য হবেন।

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৪৭.১৭.৩১১**—বাংলাদেশ বিমানবাহিনীর নিম্নোক্ত কর্মকর্তাকে বিমানবাহিনী অ্যাক্ট রুলস, ১৯৫৭-এর রুল ২৪(১)/২৪(৭) অনুযায়ী চাকরির বয়সসীমা এবং বর্ধিত চাকরির বয়সসীমা অতিক্রান্তে তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ থেকে অবসর প্রদান করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবি | জন্ম তারিখ | কমিশনের তারিখ | LPR -এ গমনের তারিখ | LPR শেষ হওয়ার তারিখ | অবসরের তারিখ | চাকরির বয়সসীমা | জমাকৃত ছুটির পরিমাণ | মঞ্জুরকৃত LPR -এর ছুটি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ১। | গ্রুপ ক্যাপ্টেন আ ব ম আব্দুর রব চৌধুরী, পিএসসি (বিডি/৮২৯৪), মেট | ২৫ অক্টোবর ১৯৬৪ | ০৩ জানুয়ারি ১৯৮৯ | ২৪ অক্টোবর ২০১৯ | ২১ অক্টোবর ২০২০ | ২২ অক্টোবর ২০২০ | ৫৫ বছর (বর্ধিত চাকরির বয়সসীমা ০১ বছর শেষে) | ১১৬২ দিন | ৩৬৪ দিন |

২। তিনি প্রচলিত বিধি মোতাবেক অবসর ভাতা, রেশনের পরিবর্তে অর্থ, চিকিৎসা ভাতা এবং চিকিৎসা সুবিধা প্রাপ্য হবেন।

তারিখ : ২০ কার্তিক ১৪২৬/০৫ নভেম্বর ২০১৯

**নং ২৩.০০.০০০০.২৫০.১১.০৩০.১৯.৩১৯**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক পদে এস এম ইখতিয়ার মাহমুদ, পিতা: মোঃ ইসহাক আলি, মাতা: হাবিবুন্নেছা, বাসা-৮৫৪, রোড-১২, ডিওএইচএস মিরপুর, ঢাকা-১২১৬-কে বিভাগীয় নিয়োগ কমিটির সুপারিশক্রমে সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য অন্যান্য ভাতাদি/সুবিধাদিসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ৩৫৫০০—৬৭০১০ (৬ষ্ঠ গ্রেড) বেতনস্কেলে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

**শর্তসমূহ :**

(ক) মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ ও সংশোধিত ২০১১-এর ৬(১)(ক) বিধি অনুযায়ী চাকরিতে যোগদানের তারিখ থেকে তিনি ২(দুই) বছর শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন;

(খ) শিক্ষানবিশকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে উল্লিখিত নিয়োগবিধির ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে। প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকালের সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;

(গ) শিক্ষানবিশকালে আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান (terminate) ঘটাতে পারবে;

(ঘ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিশকালে অথবা চাকরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবে;

(ঙ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(চ) তিনি যদি কখনও চাকরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে তাঁকে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অথবা তাঁর ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে হবে;

(ছ) আগামী ২০ নভেম্বর, ২০১৯ তারিখের মধ্যে অফিস সময়ে তাঁকে কমান্ড্যান্ট, মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি), মিরপুর সেনানিবাস, ঢাকা বরাবর যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

(ঝ) এ আদেশ মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলোজি (এমআইএসটি)-র সাংগঠনিক কাঠামোভুক্ত ষষ্ঠ গ্রেডের সহকারী অধ্যাপক পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

**নং ২৩.০০.০০০০.২৫০.১১.০৩০.১৯.৩২০**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক পদে মোঃ মেজবাহ উদ্দিন, পিতা: আব্দুল মান্নান, মাতা: রওশন আরা বেগম, ফ্লাট-৮এ, বাড়ি-৫৭/১, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫-কে বিভাগীয় নিয়োগ কমিটির সুপারিশক্রমে সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য অন্যান্য ভাতাদি/সুবিধাদিসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ৩৫৫০০—৬৭০১০ (৬ষ্ঠ গ্রেড) বেতনস্কেলে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

**শর্তসমূহ :**

(ক) মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ ও সংশোধিত ২০১১-এর ৬(১)(ক) বিধি অনুযায়ী চাকরিতে যোগদানের তারিখ থেকে তিনি ২(দুই) বছর শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন;

(খ) শিক্ষানবিশকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে উল্লিখিত নিয়োগবিধির ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে। প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকালের সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;

(গ) শিক্ষানবিশকালে আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান (terminate) ঘটাতে পারবে;

(ঘ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিশকালে অথবা চাকরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবে;

(ঙ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(চ) তিনি যদি কখনও চাকরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে তাঁকে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অথবা তাঁর ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে হবে;

(ছ) আগামী ২০ নভেম্বর, ২০১৯ তারিখের মধ্যে অফিস সময়ে তাঁকে কমান্ড্যান্ট, মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি), মিরপুর সেনানিবাস, ঢাকা বরাবর যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

(ঝ) এ আদেশ মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলোজি (এমআইএসটি)-র সাংগঠনিক কাঠামোভুক্ত ষষ্ঠ গ্রেডের সহকারী অধ্যাপক পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

**নং ২৩.০০.০০০০.২৫০.১১.০৩০.১৯.৩২১**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক পদে মোঃ তৌহিদুল ইসলাম, পিতাঃ মোঃ আব্দুর রহমান, মাতাঃ মোছাঃ তাপসী রাবেয়া, বাড়ি-৯৪৮/১ ও ৯৪৮/২, ট্রাস্ট কুঞ্জ, ফ্ল্যাট নং-বি/২/২৪, মোমেনবাগ, রাজারবাগ, ঢাকা-১২১৭-কে বিভাগীয় নিয়োগ কমিটির সুপারিশক্রমে সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য অন্যান্য ভাতাদি/সুবিধাদিসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ৩৫৫০০—৬৭০১০ (৬ষ্ঠ গ্রেড) বেতনস্কেলে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

**শর্তসমূহ :**

(ক) মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ ও সংশোধিত ২০১১-এর ৬(১)(ক) বিধি অনুযায়ী চাকরিতে যোগদানের তারিখ থেকে তিনি ২(দুই) বছর শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন;

(খ) শিক্ষানবিশকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে উল্লিখিত নিয়োগবিধির ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে। প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকালের সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;

(গ) শিক্ষানবিশকালে আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান (terminate) ঘটাতে পারবে;

(ঘ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিশকালে অথবা চাকরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবে;

(ঙ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(চ) তিনি যদি কখনও চাকরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে তাঁকে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অথবা তাঁর ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে হবে;

(ছ) আগামী ২০ নভেম্বর, ২০১৯ তারিখের মধ্যে অফিস সময়ে তাঁকে কমান্ড্যান্ট, মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি), মিরপুর সেনানিবাস, ঢাকা বরাবর যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(জ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

(ঝ) এ আদেশ মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলোজি (এমআইএসটি)-র সাংগঠনিক কাঠামোভুক্ত ষষ্ঠ গ্রেডের সহকারী অধ্যাপক পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারাহ শাম্মী**

উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৮ কার্তিক ১৪২৬/০৩ নভেম্বর ২০১৯

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৮৩.১৯.৪৫৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬৩৮২ মেজর মুহাম্মদ রাফিউল আলম, পিএসসি, পদাতিক- কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুলস্) ১২(১), আর্মি রেগুলেশন্স (রুলস্)৭৮(সি), ২৫৩সি(ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুলস্)২৬২(৪), আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৮(বি) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন, ১৯৮১-এর রুল ৯(ক) অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন (বাধ্যতামূলক) অবসর প্রদান করা হলো।

২। উল্লেখ্য, কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন, ১৯৮১-এর রুল ৫(বি) অনুসারে তাঁর প্রাপ্য পেনশন/আনুতোষিক/অন্যান্য আর্থিক প্রাপ্যতা (যেটি প্রযোজ্য) থেকে তিনি ৫০% প্রাপ্য হবেন এবং তাঁর স্ত্রী (মাসকুড়া আলম) ২০%, তাঁর পুত্র সন্তান (আস্‌সাদ মাসরাফি আলম) ১৫% এবং তাঁর কন্যা সন্তান (রিজওয়ানা মেহজাবিন সামিয়া) ১৫% প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.০৭৬.১৯.৪৫৯**—বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩৭৬৭ কর্নেল আবু ছালেহ মুহাম্মদ রফিকুল ইসলাম-এর চাকরি জনস্বার্থে ৩১ জানুয়ারি ২০২০ তারিখ (অপরাহ্ণ) থেকে ৩০ জানুয়ারি ২০২১ তারিখ (অপরাহ্ণ) পর্যন্ত ১(এক) বছর বর্ধিত করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.০৭৬.১৯.৪৬০**—বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩০৬১ ব্রিগেডিয়ার জেনারেল সাইদুর রহমান খান, এনডিসি, পিএসসি, টিই-এর চাকরি জনস্বার্থে ১৪ জানুয়ারি ২০২০ তারিখ (অপরাহ্ণ) থেকে ১৩ জানুয়ারি ২০২১ তারিখ (অপরাহ্ণ) পর্যন্ত ১(এক) বছর বর্ধিত করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.০৭৬.১৯.৪৬১**—প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ১২ সেপ্টেম্বর ২০১৯ তারিখে জারিকৃত স্বাভাবিক অবসর সংক্রান্ত প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.০৭৮.১৯-৪০৩-এর ক্রমিক নম্বর ৮-এ অবস্থিত বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-২৮৮৮ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মামুন অর রশীদ, বিএসপি, এনডিসি, পিএসসি-এর অবসরসংক্রান্ত অংশটুকু বাতিলপূর্বক বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী জনস্বার্থে তাঁর চাকরির মেয়াদ ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ (অপরাহ্ণ) থেকে ৩০ ডিসেম্বর ২০২০ তারিখ (অপরাহ্ণ) পর্যন্ত ১(এক) বছর বর্ধিত করা হলো।

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১২ সেপ্টেম্বর ২০১৯ তারিখের প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.০৭৮.১৯-৪০৩-এ উল্লিখিত অন্যান্য অফিসারদের স্বাভাবিক অবসরসংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.০৭৬.১৯.৪৬৫**—বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী জনস্বার্থে বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ৮(আট) জন অফিসারের নামের পাশে ৬(ছয়) নম্বর কলামে বর্ণিত অবসরগ্রহণের তারিখ থেকে তাঁদের চাকরির মেয়াদ ১(এক) বছর বর্ধিত করা হলো :

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | আর্মি নম্বর, পদবি ও নাম | জন্ম তারিখ | কমিশনের তারিখ | সর্বোচ্চ বয়সসীমা | অবসরগ্রহণের তারিখ |
| ১ | বিএ-৪৩২৯ মেজর মোঃ শহীদুল্লাহ পদাতিক | ১৫-০৩-১৯৭০ | ০৯-০৬-১৯৯২ | ৫০ | ১৪-০৩-২০২০ (অপরাহ্ণ) |
| ২ | বিএ-৪৪৭৩ মেজর আবুল আলা মুহাম্মদ তৌহিদ, এএসসি | ০১-০৪-১৯৭০ | ২০-১২-১৯৯২ | ৫০ | ৩১-০৩-২০২০ (অপরাহ্ণ) |
| ৩ | বিএ-৪৬২২ মেজর মোঃ হুমায়ুন কবির সরকার ইএমই | ২৫-০৪-১৯৬৮ | ১৬-১২-১৯৯৩ | ৫২ | ২৪-০৪-২০২০ (অপরাহ্ণ) |
| ৪ | বিএ-৪৩৯০ মেজর মোঃ মোজাম্মেল হক অর্ডন্যান্স | ০১-০৫-১৯৭০ | ০৯-০৬-১৯৯২ | ৫০ | ৩০-০৪-২০২০ (অপরাহ্ণ) |
| ৫ | বিএ-৩৬৯০ মেজর মোহাম্মদ ফারুক আহমেদ সিগন্যালস | ১৩-০৫-১৯৬৯ | ২২-১২-১৯৮৯ | ৫০ | ১১-০৫-২০২০ (অপরাহ্ণ) ১ বছর বর্ধিত সহ |
| ৬ | বিএ-৪২২৩ মেজর মোঃ ওয়াজেদুল হক, পদাতিক | ২০-০৬-১৯৭০ | ২০-১২-১৯৯১ | ৫০ | ১৯-০৬-২০২০ (অপরাহ্ণ) |
| ৭ | বিএ-৪২৯৫ মেজর মোহাম্মদ সোলায়মান তালুকদার, পদাতিক | ০১-০৭-১৯৭০ | ০৯-০৬-১৯৯২ | ৫০ | ৩০-০৬-২০২০ (অপরাহ্ণ) |
| ৮ | বিএ-৩৯৬০ মেজর শাকিল আহমেদ সিদ্দিকী, ইঞ্জিনিয়ার্স | ০১-০৭-১৯৭০ | ২১-১২-১৯৯০ | ৫০ | ৩০-০৬-২০২০ (অপরাহ্ণ) |

২। **উল্লেখ্য, সেনাসদরের ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখের প্রস্তাব অনুসারে** বিএ-৪১৪৪ মেজর মোঃ হুমায়ুন কবীর, পিএসসি, পদাতিক, বিএ-৩৯৪২ মেজর মোঃ মোসাদ্দেক খান চৌধুরী, এসইউপি, সিগন্যালস, বিএ-৩৭০৬ মেজর মোঃ কাওসার জাহান আকন্দ, আর্টিলারি, বিএ-৩৮২৮ মেজর সৈয়দ আনসার মোহাম্মদ কাওছার, পিএসসি, সিগন্যালস এবং বিএ-৪৭৫৭ মেজর মোঃ আলী আজম খান, ইএমই **আগামী ৩০ জুন ২০২০ তারিখের পরে অবসরে যাবেন বিধায় তাঁদের চাকরি বর্ধিতকরণের বিষয়টি সরকার কর্তৃক অনুমোদিত হয়নি।**

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

২০ কার্তিক ১৪২৬/৫ নভেম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.০৭৬.১৯.৪৬৮**—বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩৬৭৭ লে. কর্নেল মোঃ সিদ্দিকুর রহমান, পিএসসি, জি, আর্টিলারি-এর চাকরি জনস্বার্থে ২২ জানুয়ারি ২০২০ তারিখ (অপরাহ্ণ) থেকে ২১ জানুয়ারি ২০২১ তারিখ (অপরাহ্ণ) পর্যন্ত ১(এক) বছর বর্ধিত করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**

উপসচিব।

তারিখ : ১২ কার্তিক ১৪২৬/২৮ অক্টোবর ২০১৯

**নং ২৩.০০.০০০০.০৬০.১৩.০৯.১৯.৬৪২**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নৌ বিধি ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারিত বয়সসীমা ও বর্ধিত চাকরির মেয়াদ অতিক্রমের পর তাঁদের নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর মঞ্জুর করা হলো :

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| ১ | কমান্ডার মোঃ রিয়াজ হাসান, (ই), বিসিজিএমএস, বিএন (পি নং-৭২৮) | বিকাল ১০ ডিসেম্বর ২০১৯ | সকাল ১১ ডিসেম্বর ২০১৯ |
| ২ | লেঃ কমান্ডার মোঃ নুরুন্নবী, (এসডি)(জি), বিএন (পি নং-১৮৪৮) | বিকাল ১১ নভেম্বর ২০১৯ | সকাল ১২ নভেম্বর ২০১৯ |
| ৩ | লেঃ কমান্ডার এস এম শহিদুল ইসলাম, (এসডি)(জি), বিএন (পি নং-১৮৮১) | বিকাল ৩১ অক্টোবর ২০১৯ | সকাল ১ নভেম্বর ২০১৯ |

২। তাঁদের আবেদন এবং জেএসআই ১/২০১৬ মোতাবেক উল্লিখিত কর্মকর্তাগণ ১২ মাস এলপিআর ভোগ করবেন।

৩। তাঁরা বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁদের নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহ্ আবদুল আলীম খান**

যুগ্মসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ৮ কার্তিক ১৪২৬/২৪ অক্টোবর ২০১৯

**নং ২৩.০০.০০০০.০১০.৬২.০০৬.১৬-৩৫৮**—সেনাসদরের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশে সেনাবাহিনীর ৪৭তম বিএমএ দীর্ঘমেয়াদী কোর্সের কমিশন প্রদান সংক্রান্ত প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে ৩০ জুন ২০০৩ তারিখে নং ১ক-১/২০০১/ডি-১/১৮১২ স্মারকে জারীকৃত প্রজ্ঞাপনে ৪৭ নম্বর ক্রমিকে বর্ণিত বিএ-৬৫২৪ সেকেন্ড লেফটেন্যান্ট (বর্তমানে লেঃ কর্ণেল) মোঃ **আরাফাত** মাসায়েল, পিএসসি, ইএমই-এর পরিবর্তে বিএ-৬৫২৪ সেকেন্ড লেফটেন্যান্ট (বর্তমানে লেঃ কর্ণেল) মোঃ **আরেফাত** মাসায়েল, পিএসসি, ইএমই হিসেবে নাম সংশোধন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মঞ্জুরুল করিম**

উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ কার্তিক ১৪২৬/৩১ অক্টোবর ২০১৯

নং ২৩.০০.০০০০.১২০.১৩.০০১.১৫-৩৮৬—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর সহকারী প্রকৌশলী বি/আর জনাব দীপ্তি শংকর তালুকাদার (ব্যাক্তগত নম্বর ৮০২৫৬)-কে সরকারি কর্মচারী আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নম্বর আইন) এর ধারা ৪৩(১) (ক) অনুযায়ী আগামী ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো :

২। তাঁর অনুকূলে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্টসহ ০১ জানুয়ারি ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত ০১(এক) বছরের অবসরোত্তর ছুটি (পি.আর.এল) মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর এবং অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ওয়ালিউল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।